দৈনিক ইত্তেফাক

তারিখ 23 NOV 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# জা'নগর ভার্সিটির ছাত্রীদের বিক্ষোভ মিছিল

ইত্তেফাক রিপোর্ট ।। হলের ডাইনিং ক্যান্টিন সমস্যা সমাধানের দাবীতে এবং নূতন আরোপিত বিধিনিষেধের প্রতিবাদে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২ শতাধিক ছাত্রী গতকাল (সোমবার) ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বাহির করে। কেন্দ্রীয় ক্যাফেটোরিয়া হইতে শুরু করিয়া মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণের

(১১শ পৃঃ ৮-এর কঃদ্রঃ)

## জা'নগর ভার্সিটির

(১ম পৃঃ পর)

পর ভিসি ভবনের সম্মুখে সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে বক্তারা গত রবিবার ফয়জুন্নেসা হল প্রশাসন কর্তৃক ২ জন ছাত্রীর প্রতি অশালীন আচরণের তীব্র নিন্দা জানান। পরে ছাত্রীরা ভিসি প্রফেসর আবুল হোসেনের নিকট স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে হলে আগমন-নির্গমনের পূর্বের সময়সীমা বহাল, বিশ্ববিদ্যালয়ের বাসে ও লাইব্রেরীতে ছাত্রদের মত সমান সুবিধা প্রদান এবং টেলিফোন ব্যবহারের সময়সীমা বর্ধিতকরণ প্রভৃতি দাবী অন্তর্ভুক্ত।